

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.১০৪.২১.১২৯১

তারিখ: ১০ অক্টোবর ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি বিভিন্ন অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ১৫.০০ হাজার টাকা জরিমানা

#### ৮ অক্টোবর ২০২১ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ও ভোলা-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব রোজিনা সুলতানা কর্তৃক মোহাম্মদপুর কৃষি মার্কেট এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'সততা ট্রেডার্স' কে ৩,০০০/- (তিন হাজার) টাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে 'মায়ের দোয়া বাণিজ্যালয়' কে ১,০০০ (এক হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত ৮ অক্টোবর ২০২১ তারিখে মোট ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: মাহমুদুল হাসান কর্তৃক বাংলা বাজার এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'সিয়াম এন্টারপ্রাইজ', 'ভাই ভাই রাইচ এজেন্সি' কে যথাক্রমে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'হাজী মেডিকেল হল' কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১১,০০০/- (এগারো হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ৮ অক্টোবর ২০২১ তারিখে সর্বমোট ২টি বাজার তদারকি কার্যক্রম পরিচালনার মাধ্যমে ৫টি প্রতিষ্ঠানকে মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ করা হয়। আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, স্বাস্থ্য বিভাগ, কৃষি বিভাগ, মৎস্য বিভাগ, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) সহ সংশ্লিষ্ট শিল্প বণিক সমিতির প্রতিনিধিবৃন্দ অধিদপ্তর পরিচালিত বাজার অভিযানে সহযোগিতা প্রদান করেন। বাজার অভিযান/তদারকিকালে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা এবং ব্যবসায়ীবৃন্দের মধ্যে লিফলেট, প্যাম্ফলেট বিতরণসহ হ্যান্ডমাইকে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হয়।

এছাড়াও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন অনুযায়ী ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ভোক্তা-অধিকার সংরক্ষণ নিশ্চিতকরণসহ স্থিতিশীল বাজার ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

স্বাক্ষরিত/-  
(তাহমিনা বেগম)  
সহকারী পরিচালক (কার্যক্রম)  
ফোন: ০২-৮১৮৯৪১১  
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

#### বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তীর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৫। পুলিশ কমিশনার (সকল)।
- ৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। পুলিশ সুপার (সকল)।
- ৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।